## পঞ্চম ভারত-চিন স্ট্র্যাটেজিক বার্তালাপ

আজ নয়াদিল্লিতে পঞ্চম ভারত-চিন স্ট্র্যাটেজিক বার্তালাপ অনুষ্ঠিত হয়। ভারতীয় প্রতিনিধিদের নেতৃত্ব দেন বিদেশ সচিব সুজাতা সিং এবং চিনা দলের নেতৃত্ব দেন সহকারী বিদেশ মন্ত্রী লিউ ঝেনমিন। আলোচনা হয় দ্বিপাক্ষিক,আঞ্চলিক এবং অভিন্ন পারস্পরিক স্বার্থের বিষয়ে।

চিনের প্রধানমন্ত্রী লি কেচিয়াংয়ের সফল ভারত সফরের সময়ের দ্বিপাক্ষিক সম্পর্কের বিষয়গুলির প্রেক্ষাপটে উভয়পক্ষ সীমান্তপারের অভিন্ন নদীর জল ব্যবহারের উপলব্ধির অগ্রগতি এবং দ্বিপাক্ষিক বাণিজ্য বিস্তার ও লগ্নির বিষয় সহ বিভিন্ন বিষয়ে আলোচনা হয়। এই আলোচনায় ভারত যে বাণিজ্যিক ঘাটতির সম্মুখীন ,তা নিয়ে উল্লেখিত হয়। ভারত-চিন সীমা্ন্ত এলাকার প্রকৃত নিয়ন্ত্রণ রেখায় শান্তি ও স্থিতাবস্থা বজায় রাখার পন্থা নিয়েও কথা হয়। সাংস্কৃতিক সহযোগিতা বৃদ্ধি, জনতার সংগে জনতার বিনিময় এবং বৈজ্ঞানিক ও প্রযুকতিগত সহযোগিতা বিষয়ে উভয়পক্ষ আলোচনা করেন। দুই পক্ষ চলতি বছরের শেষে ভারতের প্রধানমন্ত্রী ডঃ মনমোহন সিং-এর চিন সফরের সম্ভাবনা নিয়ে আলোচনা হয়। বিসিআইএম আর্থিক সহযোগিতার কার্যকর সম্ভাবনা ও আলোচিত হয়েছে।

অন্যান্য বিষয়ের মধ্যে ব্রিকস কাঠামোগত সংস্থার ভবিষ্যত সহযোগিতা,এশিয়া-প্রশান্তমহাসাগরীয় অঞ্চলে উদার,সর্বমুখী এবং স্বচ্ছ ব্যবস্থাপনা গড়ে তোলা,২০১৪ এবং তার পরে আফগানিস্তানের ভবিষ্যত নিয়ে আলোচনা হয়।

সহযোগী বিদেশমন্ত্রী লিউ পরে পররাষ্ট্রমন্ত্রীর সংগে সাক্ষাৎ করেন।

উভয়পক্ষের সম্মতি অনুসারে নির্দ্দিষ্ট তারিখে ষষ্ঠ ভারত-চিন বৈঠক বেজিং-এ অনুষ্ঠিত হবে।

**নয়াদিল্লি**

**আগস্ট ২০,২০১৩**